তারিখ: 24 MAY 20 3 ......
পৃষ্ঠা ... ... ... কলাম ... ...

দৈনিক
জনকণ্ঠ

# বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া ॥ শিক্ষা মন্ত্রণালয়ের ব্যাখ্যা

স্টাফ রিপোর্টার ॥ শিক্ষক নিয়োগ সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয়ের জারিকৃত পরিপত্রের ওপর প্রকাশিত সংবাদের বিষয়ে মন্ত্রণালয়ের দেয়া এক ব্যাখ্যায় বলা হয়েছে, শিক্ষা ক্ষেত্রে বিরাজমান দীর্ঘদিনের দুর্নীতি ও অনিয়ম বন্ধ করা, শিক্ষক নিয়োগে স্বচ্ছতা আনয়ন ও নিয়োগ প্রক্রিয়ায় স্কুল-কলেজের ব্যবস্থাপনা কমিটির হাত শক্তিশালীকরণের লক্ষ্যে জেলা পর্যায়ে কমিটি গঠন করে শিক্ষক নিয়োগের প্রক্রিয়া সম্পর্কে পরিপত্র জারি করা হয়েছে।

মন্ত্রণালয়ের দেয়া ব্যাখ্যায় আরও বলা হয়েছে, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে দীর্ঘদিন ধরে শিক্ষক নিয়োগে নানা দুর্নীতি ও অনিয়মের অভিযোগ সরকারের গোচরে এসেছে। এসকল দুর্নীতির কারণে মেধাভিত্তিক যোগ্য ব্যক্তিগণ শিক্ষকতা পেশায় আসতে পারছেন না। ফলে শিক্ষার মানেরও ক্রমাবনতি হচ্ছে। জাতীয়ভাবে শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে এ ধরনের দুর্নীতি রোধের জন্য শিক্ষক সমাজ থেকেও নানা দাবি এসেছে। এ কারণে শিক্ষার গুণগত মানোন্নয়নে ও মানসম্মত শিক্ষক নিয়োগের লক্ষ্যে সরকার জেলা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা কমিটি গঠন করেছে এবং এর আওতা ও

(৭- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

(৮-এর পাতার পর)

## বেসরকারী শিক্ষা

কার্যপরিধির আলোকে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা) শিক্ষক নিয়োগের প্যানেল প্রস্তুতির জন্য কমিটি গঠন করা হয়েছে। দেশের শতকরা প্রায় ৯৮ ভাগ শিক্ষা বেসরকারীভাবে পরিচালিত হচ্ছে এবং সরকার বাজেটে শিক্ষা খাতে সর্বোচ্চ বরাদ্দ প্রদান করে বিপুল পরিমাণ অর্থ ব্যয় করছে। কিন্তু ব্যয়ানুগ অর্জন হচ্ছে না। শিক্ষার স্বার্থ বিবেচনা করেই সরকার জেলা পর্যায়ে কমিটি গঠনের সিদ্ধান্ত নিয়েছে, যা বিভিন্ন মহলে ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দেয়া ব্যাখ্যায় এ বিষয়ে সকল মহলের বিভ্রান্তি দূর করে সরকারী সিদ্ধান্ত বাস্তবায়নে সহযোগিতা প্রদানের আহ্বান জানানো হয়েছে।